

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৯৮

আগরতলা, ১৩ নভেম্বর, ২০২৪

শান্তিপুর উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে টি-থ্রি ক্যাম্প



উনকোটি জেলার অন্তর্গত কুমারঘাট মহকুমা হাসপাতালের অন্তর্ভুক্ত দক্ষিণ উনকোটি আয়ুষ্স্মান আরোগ্য মন্দিরের অধীন শান্তিপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে আজ ১৩ নভেম্বর, ২০২৪ টি-থ্রি ক্যাম্প অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ উনকোটি আয়ুষ্স্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার মতনজয় রিয়াং, এমপিডব্লিউ খুমজার দেববর্মা, আশা ফেসিলিটেটর কল্পনা মালাকার, আশাকর্মা কৃষ্ণা দাস ও বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাগন। এই অনুষ্ঠানে ৮৪ জন ছাত্রছাত্রীর রক্তে হিমোগ্লোবিন পরীক্ষা করা হয়। উক্ত অনুষ্ঠানে কমিউনিটি হেলথ অফিসার মতনজয় রিয়াং ম্যালেরিয়া ও যক্ষ্মা রোগের লক্ষণ, প্রতিকার ও প্রতিরোধের উপায়, আয়রনযুক্ত খাবারের প্ৰয়োজনীয়তা, রক্তাল্পতা রোগে কি কি করণীয় ও টিকাকরণের গুরুত্ব ইত্যাদি বিভিন্ন স্বাস্থ্যবিষয়ক সচেতনতামূলক আলোচনা করা হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
